




দৈনিক শিক্ষা dainikshiksha.com 08-12-2023, Online

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে ওয়েবমেট্রিক্স-ইনফরমেট্রিক্স-সায়েন্টমেট্রিক্সের ওপর আন্তর্জাতিক সম্মেলন

দৈনিক শিক্ষাডটকম ডেস্ক | ০৮ ডিসেম্বর, ২০২৩



দৈনিক শিক্ষাডটকম ডেস্ক : রাজধানীর বাজ্জার আফতাবনগরে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে তিন দিনব্যাপী ওয়েবমেট্রিক্স, ইনফরমেট্রিক্স এবং সায়েন্টমেট্রিক্সের ওপর ১৭তম আন্তর্জাতিক সম্মেলন শুরু হয়েছে। 'কোলনেট সোসাইটি ফর লাইব্রেরি প্রফেশনালস' এবং স্পেশাল লাইব্রেরি অ্যাসোসিয়েশন, এশিয়া কমিউনিটির সহযোগিতায় সম্মেলনটি আয়োজন করা হয়। শুক্রবার এ সম্মেলনের উদ্বোধন হয়।



সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের 'মঞ্জুর এলাহী' অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারপার্সন এবং সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা সৈয়দ মঞ্জুর এলাহী।

তিনি বলেন, কনফারেন্সের আলোচ্য বিষয় ওয়েবমেট্রিক্স, ইনফরমেট্রিক্স এবং সায়েন্টমেট্রিক্স বর্তমান ডিজিটাল যুগে জ্ঞান, গবেষণা এবং তথ্যের প্রভাব বোঝার এবং মূল্যায়ন করার ক্ষেত্রে অনেক গুরুত্বপূর্ণ। এই সম্মেলন শিক্ষাবিদ, গ্রন্থাগারিক, তথ্য প্রযুক্তি পেশাজীবী এবং নীতিনির্ধারকদের গবেষণা কার্যক্রমকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য একটি মূল্যবান প্ল্যাটফর্ম হয়ে থাকবে।

উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক শামস রহমান। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন জার্মানির টেকনিশে ইউনিভার্সিটির সিনিয়র গবেষক ডক্টর বার্ড মার্কশেফেল। সেশনে মূল প্রবন্ধ উপস্থাপন করেন চীনের ডালিয়ান ইউনিভার্সিটি অফ টেকনোলজি, এবং ফ্রান্সের স্ট্রাসবার্গ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক জিন-চার্লস ল্যামিরেল। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন স্টাডিজ বিভাগের চেয়ারপার্সন এবং গ্রন্থাগারিক (ইন-চার্জ) ড. দিলারা বেগম।

এবারের সম্মেলনে বিভিন্ন দেশের প্রায় ২৫০ জন গবেষক, গ্রন্থাগারিক, শিক্ষাবিদ এবং অন্যান্য পেশাজীবী অংশগ্রহণ করেন। সম্মেলনে মোট ৮৫টি গবেষণা প্রবন্ধ উপস্থাপন করা হয়।